

উন্নয়ন প্রকল্পের অগ্রগতিঃ

ক্র: নং:	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয় বাস্তবায়নকাল	উদ্দেশ্য	অগ্রগতি
০১।	“বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্র পাহাড়তলীতে ট্রান্সমিটিং টাওয়ার, ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি স্থাপন” অনুমোদনের পর্যায়: অনুমোদিত	৳.২৩৯৯.০০ লক্ষ জানুয়ারি ২০১৬-জুন ২০১৯	বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের টেলিভিশন সম্প্রচার নিরবচ্ছিন্ন করার লক্ষ্যে পাহাড়তলীস্থ বিটিভির একই কম্পাউন্ডে ১৩৩.৫ মিটার উচ্চতা সম্পন্ন ট্রান্সমিটিং টাওয়ার, ৬ তলা ভিতের উপর তিন তলা ট্রান্সমিটিং ভবন নির্মাণ এবং ট্রান্সমিটিং যন্ত্রপাতি সংস্থাপন করা।	প্রকল্প এলাকায় ট্রান্সমিটিং টাওয়ার ও ট্রান্সমিটার ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। ট্রান্সমিটিং টাওয়ার সংগ্রহের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়েছে।
০২।	“বাংলাদেশ টেলিভিশনের ৬টি পূর্ণাঙ্গ টিভি কেন্দ্র স্থাপন” অনুমোদনের পর্যায়: অনুমোদিত	৳.১৩৯১.০০ কোটি জানুয়ারি ২০১৭- ডিসেম্বর ২০২০	প্রকল্পটি বাস্তবায়ন হলে ৬টি বিভাগীয় শহর রংপুর, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল এবং ময়মনসিংহ অঞ্চলে জাতীয় ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতি চর্চায় গণমাধ্যমে অংশগ্রহণের ফলে মানুষের অগ্রসর ভাবনা, সাম্প্রদায়িক চেতনা, উন্নয়ন কর্মকান্ড, স্থানীয় পর্যায়ে গৃহীত বিভিন্ন উন্নয়ন ও কল্যাণমূলক কার্যক্রম এবং জাতীয় অগ্রগতির সমান্তরালে আঞ্চলিক পর্যায়ের অগ্রগতি সম্পর্কে জনগণ বিস্তারিত তথ্য জানতে সমর্থ হবেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুত এসব টিভি কেন্দ্র স্থাপিত হলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনের পরিপূরক অনুষ্ঠান ও কনটেন্ট তৈরি ও সারা দুনিয়ায় সম্প্রচারের মাধ্যমে এ ছয়টি টিভি কেন্দ্র অভীষ্ট লক্ষ্য পূরণে বিশেষ ভূমিকা রাখবে।	প্রকল্পটি অনুমোদনের প্রশাসনিক আদেশ সেপ্টেম্বর ২০১৭ জারি করা হয়েছে। প্রকল্পটি চীনের সাহায্যপুষ্ট হওয়ায় ঋণ অনুমোদনের অন্যান্য কার্যক্রম চলছে।
০৩।	“বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়)” অনুমোদনের পর্যায়: অননুমোদিত	৳.৮২২.০০ লক্ষ অক্টোবর ২০১৭- জুন ২০২০	প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বিটিভি ঢাকা কেন্দ্রের পুরাতন যন্ত্রপাতি পরিবর্তে অত্যাধুনিক প্রযুক্তি নির্ভর MCR, CAR, Ingest Room, MAM, Automated Video Server System, NLE ইত্যাদি প্রতিস্থাপনের মাধ্যমে বিটিভির সম্প্রচারিত অনুষ্ঠান ও সংবাদের গুণগতমান উন্নত করে বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি করা।	০৭/০৮/২০১৭ তারিখে প্রকল্পটির পিইসি সভায় প্রকল্পটি নীতিগত ভাবে অনুমোদিত হয়। শীঘ্রই ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

ক্র: নং:	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয় বাস্তবায়নকাল	উদ্দেশ্য	অগ্রগতি
০৪।	“দেশব্যাপি ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার প্রবর্তন (১ম পর্যায়)”  অনুমোদনের পর্যায়: অননুমোদিত	৳.২৫০০০.০০ লক্ষ অক্টোবর ২০১৭- জুন ২০২০	প্রকল্পটি জাতীয় রোডম্যাপ এবং International Telecommunication Union (ITU) এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ ডিজিটাল টেরিস্ট্রিয়াল টেলিভিশন ব্রডকাস্টিং পদ্ধতিতে দর্শকদের চাহিদা অনুযায়ী অনুষ্ঠান ও সংবাদ সম্প্রচারের গুনগত মান বৃদ্ধি এবং একসাথে একটি ট্রান্সমিটারের মাধ্যমে একাধিক অনুষ্ঠান সম্প্রচার করে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি করা।	প্রকল্পের পদ ও জনবল নির্ধারণ কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্পটির ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।
০৫।	“বাংলাদেশ টেলিভিশনের অবকাঠামো উন্নয়ন, কারিগরি জনবল ও জেলা সংবাদ দাতাদের সক্ষমতা বৃদ্ধি”  অনুমোদনের পর্যায়: অননুমোদিত	৳.১৪৪০০.০০ লক্ষ  জুলাই ২০১৭- জুন ২০২০	প্রকল্পটি বিটিভির জেলা সংবাদ দাতাদের সংবাদ প্রবাহ শক্তিশালী করার জন্য তাঁদের প্রশিক্ষণ, আধুনিক প্রযুক্তি নির্ভর যন্ত্রপাতি সরবরাহ করণ, প্রাতিষ্ঠানিক ক্ষমতা শক্তিশালীকরণের জন্য ডিজিটাল প্রযুক্তির সম্প্রচার বিষয়ক যন্ত্রপাতি পরিচালনায় জ্ঞান অর্জনের লক্ষ্যে বাস্তব প্রশিক্ষণ এবং বিটিভির অবকাঠামো সমূহের উন্নয়নের মাধ্যমে টেকসহ উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনে অবদান রাখবে।	প্রকল্পের ডিপিপি ১৯/০৬/২০১৭ তারিখে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তথ্য মন্ত্রণালয় এর পরামর্শ অনুযায়ী প্রতি কেন্দ্র / উপকেন্দ্রের জন্য Need assessment করা ও প্রকল্পটির Feasibility study করার কাজ চলছে।